

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-যুউঅ/ উত্তরবঙ্গ/জনবল/নিয়োগ/০৪/২০১৮-০৪

তারিখ ১৯/০৩/২০১৮খ্রিঃ

যুব উন্নয়ন অধিদপ্তরধীন “উত্তরবঙ্গের ৭টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্প (২য় পর্ব)” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত পদে সাকুল্যে বেতনে প্রকল্প মেয়াদে (ডিসেম্বর, ২০২০ পর্যন্ত) আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্রমিক নং	পদের নাম, পদ সংখ্যা ও সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	অফিস সহায়ক (গ্রেড- ২০): ০১ (এক) জন বয়স ১৮-৩০ বছর	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ।
২	গার্ড (গ্রেড- ২০): ০১ (এক) জন বয়স ১৮-৩০ বছর	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ।

নিম্নোক্ত ছক অনুসরণপূর্বক দরপত্র দাখিল করতে হবেঃ

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা (যদি থাকে)	মাসিক সাকুল্যে বেতন	মাসিক সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়	সর্বমোট
১	২	৩	৪	৫	৬

শর্তাবলীঃ

- ০১। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- ০২। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
- ০৩। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং আয়কর সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ০৪। নিয়োজিত কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পর দায়িত্ব পালনে বাধ্য থাকবেন।
- ০৫। অতিরিক্ত সময় দায়িত্ব পালনের জন্য ওভারটাইম ও অন্যান্য ভাতা প্রাপ্য হবে না।
- ০৬। নিয়োজিত কর্মচারীগণকে প্রকল্পের প্রধান কার্যালয় (PIU) রংপুরে দায়িত্ব পালন করতে হবে।
- ০৭। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়-দায়িত্ব বহন করতে হবে।
- ০৮। নিয়োজিত কর্মচারী কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবে।
- ০৯। নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট থেকে সরকারি নিয়ম অনুযায়ী VAT/IT কর্তন করা হবে।
- ১০। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
- ১১। আউটসোর্সিং পদ্ধতিতে কর্মচারী সরবরাহে আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ১২। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে আগামী ০৯-০৪-২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে অফিস সহায়ক ও গার্ড পদের দরপ্রস্তাব উল্লেখপূর্বক ট্রেডলাইসেন্স, আয়কর পরিশোধের প্রমাণপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, (চার তলা কক্ষ নং ৪০৯), ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ রক্ষিত দরপত্র বাঞ্ছিত দরপত্র প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখে বেলা ১:০০ টায় প্রাপ্ত দরপত্র প্রস্তাবসমূহ দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ১৩। যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোঃ আব্দুর রেজাক)

প্রকল্প পরিচালক

উত্তরবঙ্গে ০৭টি জেলায় বেকার যুবদের
কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্প (২য় পর্ব)
যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর।